

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) টীমের সভার কার্যবিবরণী

সভার তারিখ: ২৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি।

সময়: সকাল ১১.০০ মিনিট

স্থান: টীম লিডার মহোদয়ের অফিস কক্ষ।

সভার শুরুতে টীম লিডার জনাব ড. মো: এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।
অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোছা: শারমীন আখতারকে সভা পরিচালনা করার অনুরোধ জানান।

ক্র.নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	আগষ্ট মাসের সভার কার্যবিবরণীর অনুমোদন	ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোছা: শারমীন আখতার সভায় আগষ্ট মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	কোন সংশোধনী না থাকায় আগষ্ট মাসের সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়।	এপিএ টীমের টীম লিডারসহ সকল সদস্য।
	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৮-১৯ এর মূল্যায়ন প্রতিবেদন	মোছা: শারমীন আখতার সভাকে জানান যে, কৃষি মন্ত্রণালয়ের মনিটরিং ও রিপোর্ট শাখার স্মারক নং: ১২.০০.০০০০.০৩৮.০৫.০০৭.১৮.৩৬২, তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. পত্রে নাটার ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করেছে। অনেকগুলো সূচকের যথাযথ প্রমাণক পাওয়া যায়নি মর্মে অসন্তোষ প্রকাশ করেছেন এবং নম্বর কমানো হয়েছে। পত্রটি সভায় পড়ে শুনানো হয়।	চলতি অর্থ বছরে রিপোর্ট সংশ্লিষ্ট সকল প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ ও প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ টীমের টীম লিডারসহ নাটার সকল ফ্যাকাল্টি মেম্বর।
৩.	২০১৯-২০ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন	ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান যে অক্টোবর মাসের ১ম সপ্তাহের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ১ম ত্রৈমাসিক প্রতিবেদন তৈরী ও প্রেরণ করতে হবে। কাজেই নাটার কৌশলগত উদ্দেশ্য ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অর্জন ও প্রমাণকসমূহ সরবরাহ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নাটার কৌশলগত উদ্দেশ্য ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের অর্জন ও প্রমাণকসমূহ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট হার্ডকপি ও সফট কপি সরবরাহ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ টীমের টীম লিডারসহ নাটার সকল ফ্যাকাল্টি মেম্বর।

সভায় আর কোন আলোচনা না থাকায় টীম লিডার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ড. মো: এখলাছ উদ্দিন
 উপপরিচালক, নাটা, গাজীপুর

ও
 টীম লিডার, এপিএ টীম
 জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
 গাজীপুর-১৭০১

বিতরণ - সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মহাপরিচালক, নাটা, গাজীপুর।
- ২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
- ২। ড. মো: এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা, গাজীপুর ও টীম লিডার, এপিএ টীম।
- ৩। ড. মোঃ ছাইদুর রহমান, উপপরিচালক, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টীম।
- ৪। মো: হাফিজ হাসান, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টীম।
- ৫। সুমাইয়া শারমীন, প্রকাশনা কর্মকর্তা, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টীম।